

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ভিসি প্রফেসর গোলাম মহিউদ্দিন

শিক্ষার সার্বিক বিনিময় হলে বিশ্বায়নের সুফল পাওয়া যায়

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম. গোলাম মহিউদ্দিন বলেছেন, শিক্ষার সার্বিক বিনিময় হলে বিশ্বায়নের সুফল পাওয়া যায়। বহির্বিদেশের সাথে জ্ঞানের বিনিময় শিক্ষা কার্যক্রমকে সমৃদ্ধ করে। জ্ঞানচর্চার নতুন নতুন দিগন্ত উন্মোচিত হয়।

গতকাল সকালে আইআইইউসি'র সেন্টার ফর রিসার্চ এন্ড পাবলিকেশন্স (সিআরপি) আয়োজিত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ও মালয়েশিয়ার ইউনিভার্সিটি মালয়েশিয়া পার্লিস(ইউনিম্যাপ) এর মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর কে.এম. গোলাম মহিউদ্দিন এ কথা বলেন। গতকাল সকালে ইউনিম্যাপএর একটি প্রতিনিধি দল ক্যাম্পাসে এসে পৌঁছালে সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ইউনিম্যাপএর সেন্টার ফর গ্র্যাজুয়েট স্টাডিজ-এর ডীন প্রফেসর ড. জালিমান সাউলি, ডেপুটি ডীন ড. মুআম্মর মোহাম্মদ দীশা এবং স্কুল অব বিজনেস ইনোভেশন এন্ড টেকনোপ্রিনিয়রশিপ এর প্রফেসর ড. মোঃ আমিনুল ইসলাম সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে মালয়েশিয়ার ইউনিভার্সিটি মালয়েশিয়া পার্লিস এর প্রতিনিধিত্ব করেন।



সমঝোতা স্মারক বিনিময় করছেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম. গোলাম মহিউদ্দিন এবং ইউনিম্যাপএর সেন্টার ফর গ্র্যাজুয়েট স্টাডিজ-এর ডীন প্রফেসর ড. জালিমান সাউলি এ সময় বোর্ড অব ট্রাস্টীজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দুইন মোহাম্মদ, ফিন্যান্স কমিটির চেয়ারম্যান অধ্যাপক আহসানউলাহ, ট্রাস্টের ট্রেজারার মুহাম্মদ নূরুল্লাহ ও সদস্য প্রিন্সিপাল আমীরুজ্জামান। এ ছাড়াও আইআইইউসি'র ভারপ্রাপ্ত প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. দেলাওয়ার হোসেন, বিভিন্ন অনুষদের ডীন, বিভাগীয়

চেয়ারম্যান, রেজিস্ট্রার, ফিল্মেল সেকশন চীফ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন আইআইইউসি'র গবেষণা ও প্রকাশনা কেন্দ্রের পরিচালক ড. মোহাম্মদ আকতারুজ্জামান খান। উল্লেখ্য এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ায় আইআইইউসি'র ছাত্র-ছাত্রীরা ইউনিম্যাপ-এ গবেষণামূলক পোস্ট গ্র্যাজুয়েট, পিএইচডি তথা উচ্চতর শিক্ষা অর্জন করতে পারবে। এ ছাড়াও শিক্ষক বিনিময়, যৌথ আন্তর্জাতিক সেমিনার, গবেষণাধর্মী প্রকাশনা, প্রকল্প এই সমঝোতা স্মারকের অন্তর্ভুক্ত রয়েছে।

এই আয়োজন প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম. গোলাম মহিউদ্দিন বলেন, জ্ঞানের শক্তিই হচ্ছে আসল শক্তি। জ্ঞানার্জন ছাড়া প্রকৃত মানুষ হওয়া সম্ভব নয়। তিনি বলেন, এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ায় শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে সেতুবন্ধন রচিত হবে এবং একাডেমিক সম্পর্ক আরো সুদৃঢ় হবে।

অনুষ্ঠানে স্বাক্ষরিত সমঝোতা স্মারক বিনিময় করেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম. গোলাম মহিউদ্দিন এবং ইউনিম্যাপএর সেন্টার ফর গ্র্যাজুয়েট স্টাডিজ-এর ডীন প্রফেসর ড. জালিমান সাউলি। *প্রেস বিজ্ঞপ্তি*

(মোসতাক খন্দকার)

সহকারী পরিচালক, জনসংযোগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম